# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 20-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দশম আন্তর্জাতিক যোগ দিবসের মূল কার্যসূচিতে অংশগ্রহনের উদ্দেশ্যে আজ দুদিনের সফরসূচী নিয়ে জম্মু-কাশ্মীরে।

২) দেশের অন্যান্য অংশের সঙ্গে রাজ্য তথা বরাক উপত্যকায়ও আগামীকাল আন্তর্জাতিক যোগ দিবসের ব্যাপক প্রস্তুতি।

৩) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার মঙ্গলদৈ-এ নির্মীয়মান আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয়ে শিক্ষামূলক কাজকর্ম আগামী বছরের জুলাই মাস থেকে আরম্ভ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান।

এবং

৪) কৃষকের উৎপাদিত ১৪ ধরনের শস্যের নূন্যতম সমর্থন মূল্য বৃদ্ধি করায় কেন্দ্রীয় সরকারকে বিজেপির আসাম প্রদেশের ধন্যবাদ জ্ঞাপন।

---------------------------------------------------------------------------

রাজ্যের নবনিযুক্ত পরিবহনের বিভাগের মন্ত্রী কেশব মহন্ত আজ দিসপুরে শীর্ষ আধিকারিকদের সংগে এক গুরুত্বপূর্ন বৈঠকে মিলিত হন ।এই বৈঠকে শ্রী

মহন্ত পরিবহন বিভাগের প্রবীন আধিকারিকদের কাছ থেকে বিভাগীয় কাজের খোঁজ নেওয়া সহ গুরুত্বপূর্ন বিভাগীয় প্রকল্পগুলির বিস্তারিত খোঁজ নেন । বৈঠকে শ্রী মহন্ত পরিবহন বিভাগের শাখাসমূহের আভ্যন্তরীন পরিকাঠামো , রাজস্ব সংগ্রহ প্রক্রিয়া তথা নিয়মিত কাজ ইত্যাদির খোঁজ নেন এবং কর সংগ্রহের ক্ষেত্রে জনসাধারণ যাতে  কোনো অসুবিধায় না পড়েন সে বিষয়ে যথাসম্ভব নজর রাখতে পরামর্শ প্রদান করেন ।যাত্রী নিরাপত্তার দিকটি সহ সড়ক সুরক্ষার ক্ষেত্রে বিশেষ দৃষ্টি দেওয়ার বিষয়ে ও মন্ত্রী গুরুত্ব আরোপ করেন ।

---------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ দরং জেলার মংগলদৈ এ নির্মীয়মান আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয়ের স্থায়ী প্রাংগন পরিদর্শন করে নির্মানকাজের বিভিন্ন দিক পর্যালোচনা করেন ।পরিদর্শনের পর মুখ্যমন্ত্রী বিশ্ববিদ্যালয়ের নির্মান কাজ আগামী বছরের মধ্যে শেষ হবে বলে আশা প্রকাশ করেন ।মুখ্যমন্ত্রী ২০২৫ সালের জুলাই মাস থেকে বিশ্ববিদ্যালয় যাতে স্থায়ী প্রাংগন থেকে কাজ আরম্ভ করতে পারে সেজন্য সংশ্লিষ্ট কতৃপক্ষকে নির্দেশ দেন । এই প্রকল্পটি সম্পূর্ন হয়ে উঠলে বিশ্ববিদ্যালয়টি শিল্প ক্ষেত্রের জন্য প্রয়োজনীয় মানব সম্পদ তৈরী করে এক উৎকৃষ্টতার কেন্দ্র হিসেবে পরিগনিত হতে পারবে ।পরিদর্শনকালে মুখ্যমন্ত্রীর সংগে দক্ষতা  , নিয়োগ , ও উদ্যমিতা বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া উপস্থিত ছিলেন । শ্রী বরুয়া বলেন যে সবধরনের আধুনিক সুযোগ সুবিধাপূর্ন ২৫০ বিঘা জমি অর্ন্তভূক্ত করে নির্মাণ করা এই বিশ্ববিদ্যালয়টি রাজ্যের যুব প্রজন্মকে পারদর্শী করে তুলবে । এদিকে ড: শর্মা নির্মীয়মান মঙলদৈ বাইপাসের অগ্রগতির ও খোঁজ নেন ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল দশম যোগ দিবসের মূল অনুষ্ঠানে অংশ গ্রহণ করার জন্য আজ জম্মু কাশ্মীরে পৌঁছেছেন । এই দিবসের সংগে সংগতি রেখে এক জনসভায় ও তিনি  ভাষন দেবেন ।তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে কার্যভার গ্রহণ করার পর শ্রী মোদী এই প্রথম কেন্দ্রীয় শাসিত অঞ্চল সফরে গেছেন । আগামীকাল শ্বের -ই কাশ্মীর আর্ন্তজাতিক

অভিবর্তন প্রাংগনে আয়োজিত এই যোগাসন কার্যসূচীতে প্রায় ৭ হাজার লোকের অংশ গ্রহণ করার সম্ভাবনা রয়েছে ।জম্মু -কাশ্মীরের উপ রাজ্যপাল মনোজ সিনহা দশম আর্ন্তজাতিক যোগ দিবসের মূল কার্যসূচী উদযাপনের জন্য শ্রীনগরকে বাছাই করার জন্য কৃতজ্ঞতা জানান ।

-------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হবে । কাছাড় জেলার শিলচরে ইন্ডিয়া ক্লাব ইন্ডোর স্টেডিয়ামে আগামীকাল সকাল ছয়টা পনেরো মিনিট থেকে দশম আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হবে । এ সম্পর্কে সংশ্লিষ্ট সব কর্মচারী ও আধিকারিকদের অংশগ্রহণ করার আহ্বান জানানো হয়েছে । বিভিন্ন কার্যসূচীর মধ্যে রয়েছে সকাল ছটা পনেরো মিনিট থেকে অংশগ্রহণকারীদের নিবন্ধন , সকাল ৭টায় প্রদীপ প্রজ্জ্বলন ও উদ্বোধনী অনুষ্ঠান ,সাতটা পনেরো মিনিট থেকে সাধারণ যোগ প্রটোকলের প্রদর্শন ও অনুশীলন ,সকাল ৮ টায় পুরস্কার বিতরণী ও অনুষ্ঠানের সমাপ্তি ।

আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষ্যে করিমগঞ্জ জেলার মূল অনুষ্ঠান নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠের পাশে ভারতীয় অর্ন্তদেশীয় জলপথ কর্তৃপক্ষের গুদাম প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে । জাতীয় আয়ুষ মিশন আয়োজিত এবং করিমগঞ্জ জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য সমিতির সহযোগীতায় আগামীকাল সকাল ৬ টা বেজে ৪৫ মিনিটে প্রদীপ প্রজজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হবে । অনুষ্ঠানে করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালাহ মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । অনুষ্ঠানসূচীর মধ্যে রয়েছে সকাল ৬ টা বেজে ৫০ মিনিটে মূখ্য অতিথি সহ অন্যান্য অতিথিদের বক্তব্য ,সকাল ৭ টায় যোগাভ্যাস এবং সকাল ৮ টায় যোগ প্রশিক্ষকদের সম্বর্ধনা ও পুরস্কার বিতরণ । নিজের ও সমাজের জন্য যোগাসন শীর্ষক অনুষ্ঠিত করিমগঞ্জ জেলার আর্ন্তজাতিক যোগ দিবসের অনুষ্ঠানে সকলকে যোগদান করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে ।

এই দিবস উপলক্ষ্যে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল সকাল সাড়ে ছটায় হাইলাকান্দি টাউন হলে যোগ ব্যায়াম শিবিরের আয়োজন করা হয়েছে ।  জেলার বিভিন্ন বিভাগের আধিকারিক ও কর্মচারী যোগব্যায়াম প্রদর্শনীতে অংশ নেবেন । আজ হাইলাকান্দিতে অনুষ্ঠিত এক সরকারী সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । সভায় বিভিন্ন বিভাগের আধিকারিক সহ স্বেচ্ছাসেবী সংস্থার কর্মকর্তারা অংশ নেন ।

---------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যে আগামীকাল নিজের ও সমাজের জন্য যোগাসন শীর্ষক আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হবে । এই দিবস উদযাপনের জন্য রাজ্যজুড়ে ব্যাপক প্রস্তুতি সম্পন্ন হয়েছে । ব্যাক্তির শারিরীক ,মানসিক  সুস্থতা ও আধ্যাত্মিক বিকাশের লক্ষ্যে উদযাপন করা যোগ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে যোগ অনুশীলন শিবির উদ্বোধন করা সহ বিভিন্ন স্থানে যোগাসন প্রতিযোগীতারও আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------

নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার কৃষকের উৎপাদিত ১৪ ধরণের শস্যের ন্যূনতম সমর্থন মূল্য বৃদ্ধি করায় বিজেপির আসাম প্রদেশ ধন্যবাদ জ্ঞাপন করেছে । বিজেপির আসাম প্রদেশের মুখপাত্র সুভাষ দত্ত এক বিবৃতিতে বলেন যে শস্যের ন্যূনতম সমর্থন মূল্য বৃদ্ধির দ্বারা কৃষকেরা উপকৃত হবেন । তিনি আরো বলেন যে এই প্রকল্পের সহায়তা লাভ করে কৃষকেরা অর্থনৈতিকভাবে লাভান্বিত হওয়া সহ দেশের ঘরোয়া উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ যোগাতে সক্ষম হবেন ।

---------------------------------------------------------------------------

আজ বিষ্ণু রাভা দিবস । এ উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্থানে দিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে এই দিবস পালন করা হয় ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা কলাগুরু বিষ্ণুপ্রসাদ রাভার প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

মুখ্যমন্ত্রী ড:শর্মা আজ রাজ্য সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে ও শোনিতপুর জেলা প্রশাসনের সহযোগীতায় দরং মহাবিদ্যালয়ের প্রেক্ষাগৃহে আয়োজিত ২০২৪ সালের বিষ্ণুরাভা দিবসের কার্যসূচীতে তিনি

অংশ গ্রহণ করেন । অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী যুব প্রজন্মকে বিষ্ণুরাভার আদর্শে অনুপ্রানিত হয়ে এগিয়ে যেতে আহ্বান জানিয়েছেন ।

------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ বিষ্ণুরাভা দিবস পালন করা হয় । এ উপলক্ষে জেলা আয়ুক্তের সভাকক্ষে আজ সন্ধ্যায় এক সভা অনুষ্ঠিত হয় ।জেলার প্রবীন নাগরিক এবং সাংস্কৃতিক কর্মকর্তাদের উপস্তিতিতে সভায় তেজপুর থেকে বিষ্ণুরাভার রাজ্য পর্যায়ের কেন্দ্রীয় অনুষ্ঠান বড় পর্দায় সম্প্রচার করে দেখানো হয় ।এতে অন্যান্যদের মধ্যে অতিরিক্ত উপায়ুক্ত ত্রিদিপ রায় , সাংসদ প্রতিনিধি দিব্যেন্দু চন্দ প্রমুখ উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------

বন্যা পরিস্থিতি অপরিবর্তিত থাকার ফলে করিমগঞ্জ জেলার সব সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান আগামী ২২শে জুন পর্য্যন্ত বন্ধ থাকবে। আজ এক বিজ্ঞপ্তীতে জেলা আয়ুক্ত এ খবর জানিয়েছেন । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে লঙ্গাই ও কুশিয়ারা নদীর জলস্তর বৃদ্ধি পাওয়া এবং বৃষ্টির জলে বেশী সংখ্যক বিদ্যালয় জলমগ্ন থাকায় ছাত্র-ছাত্রীদের সুরক্ষার জন্য প্রতিরোধী ব্যবস্থা হিসেবে ২২শে জুন পর্য্যন্ত বিদ্যালয়ে ছুটি ঘোষনা করা হয়েছে । তবে পূর্ব ঘোষিত সূচী অনুযায়ী কোন পরীক্ষা থাকলে তা যথারীতি অনুষ্ঠিত হবে ।

------------------------------------------------------------------------

উত্তর করিমগঞ্জ পূর্ত বিভাগের সড়ক শাখার সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জাতুয়া গ্রামের এম কে গান্ধী কলেজের পাশে ফকিরাবাজার-নিলামবাজার সড়কের এক কিলোমিটার অংশ জলে ডুবে যাওয়ায় এবং সড়ক বিপদজনক অবস্থায় থাকার ফলে জনগনের সুরক্ষার জন্য ওই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তীতে জনগনকে বিকল্প সড়ক হিসেবে দাসগ্রাম থেকে পনেরঘর হয়ে রাহাতপুর সড়ক দিয়ে চলাচল করতে অনুরোধ করা হয়েছে । পূর্ত বিভাগের পক্ষ থেকে অপর এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে এবারের বন্যার জল বাগুয়া সড়ক হয়ে বি এ

সড়ক থেকে রূপসীবাড়ী কুচিরকোনা সড়ক এবং নয়াগ্রাম থেকে টিকরপাড়া সড়কের উপর দিয়ে সবধরনের যান চলাচল বন্ধ রাখার কথা ঘোষনা করা হয়েছে ।

-----------------------------------------------------------------------